# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৭৭

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

## بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا مُحَمَّدُ بْنُ عَلِيِّ بْنِ مُحْرِزٍ الْكُوفِيُّ ـ بِمِصْرَ ـ نَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدٍ ، نَا أَبِي ، عَنِ ابْنِ إِسْحَاقَ ، حَدَّثَنِي الْحَسَنُ بْنُ دِينَارٍ ، عَنِ الْحَسَنِ بْنِ أَبِي الْحَسَنِ ، عَنْ أَبِي الْمَلِيحِ بْنِ أُسَامَةَ ، عَنْ أَبِيهِ ، قَالَ : " بَيْنَا نَحْنُ نُصَلِّي خَلْفَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ؛ إِذْ أَقْبَلَ رَجُلٌ ضَرِيرُ الْبَصَرِ ، فَوَقَعَ فِي حُفْرَةٍ ، فَضَحِكْنَا مِنْهُ ، فَأَمَرَنَا رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ بِإِعَادَةِ الْوُضُوءِ كَامِلًا ، وَإِعَادَةِ الصَّلَاةِ مِنْ أَوَّلِهَا
قَالَ ابْنُ إِسْحَاقَ : وَحَدَّثَنِي الْحَسَنُ بْنُ عُمَارَةَ ، عَنْ خَالِدٍ الْحَذَّاءِ ، عَنْ أَبِي الْمَلِيحِ ، عَنْ أَبِيهِ مِثْلَ ذَلِكَ . الْحَسَنُ بْنُ دِينَارٍ ، وَالْحَسَنُ بْنُ عُمَارَةَ ضَعِيفَانِ ، وَكِلَاهُمَا قَدْ أَخْطَأَ فِي هَذَيْنِ الْإِسْنَادَيْنِ ، وَإِنَّمَا رَوَى هَذَا الْحَدِيثَ الْحَسَنُ الْبَصْرِيُّ ، عَنْ حَفْصِ بْنِ سُلَيْمَانَ الْمِنْقَرِيِّ ، عَنْ أَبِي الْعَالِيَةِ مُرْسَلًا ، وَكَانَ الْحَسَنُ كَثِيرًا مَا يَرْوِيهِ مُرْسَلًا ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَأَمَّا قَوْلُ الْحَسَنِ بْنِ عُمَارَةَ : " عَنْ خَالِدٍ الْحَذَّاءِ ، عَنْ أَبِي الْمَلِيحِ ، عَنْ أَبِيهِ " فَوَهَمٌ قَبِيحٌ ، وَإِنَّمَا رَوَاهُ خَالِدٌ الْحَذَّاءُ ، عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ رَوَاهُ عَنْهُ كَذَلِكَ سُفْيَانُ الثَّوْرِيُّ وَهُشَيْمٌ ، وَوُهَيْبٌ ، وَحَمَّادُ بْنُ سَلَمَةَ ، وَغَيْرُهُمْ ، وَقَدِ اضْطَرَبَ ابْنُ إِسْحَاقَ فِي رِوَايَتِهِ عَنِ الْحَسَنِ بْنِ دِينَارٍ لِهَذَا الْحَدِيثِ فَمَرَّةً رَوَاهُ عَنْهُ عَنِ الْحَسَنِ الْبَصْرِيِّ ، وَمَرَّةً رَوَاهُ عَنْهُ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَبِي الْمَلِيحِ ، عَنْ أَبِيهِ ، وَقَتَادَةُ إِنَّمَا رَوَاهُ عَنْ أَبِي الْعَالِيَةِ مُرْسَلًا ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ وَكَذَلِكَ رَوَاهُ عَنْهُ سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ ، وَمَعْمَرٌ ، وَأَبُو عَوَانَةَ ، وَسَعِيدُ بْنُ بَشِيرٍ ، وَغَيْرُهُمْ ، وَنَذْكُرُ أَحَادِيثَهُمْ بِذَلِكَ بَعْدَ هَذَا

বাংলা

৫৭৭(১)। আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আবুল মালীহ ইবনে উসামা (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে নামায পড়ছিলাম। তখন এক অন্ধ ব্যক্তি এলো এবং সে একটি গর্তে পড়ে গেল। তাতে আমরা সকলে হাসলাম। এ কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে পুনরায় পূর্ণরূপে উযু করার এবং পুনরায় প্রথম থেকে নামায পড়ার নির্দেশ দিলেন।

ইবনে ইসহাক (রহঃ) বলেন, আমার নিকট আল-হাসান ইবনে উমারা (রহঃ) খালিদ আল-হাযযা-আবুল মালীহ-তার পিতার সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ হাদীস বর্ণনা করেছেন। আল-হাসান ইবনে দীনার ও আল-হাসান ইবনে উমারা উভয়ে হাদীসশাস্ত্রে দুর্বল এবং উভয়ে এই দুই সনদে ভুল করেছেন। আল-হাসান আল-বাসরী (রহঃ) এই হাদীস হাফস ইবনে সুলায়মান আল-মুনকার-আবুল আলিয়া সূত্রে মুরসালরূপে বর্ণনা করেছেন। আর আল-হাসান (রহঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে অধিকাংশই মুরসাল হাদীস বর্ণনা করেছেন।

আল-হাসন ইবনে উমারা (রহঃ)-এর উক্তি খালিদ আল-হাযযা-আবুল মালীহ-তার পিতার সূত্রে এটি ধারণাপ্রসূত, নিকৃষ্ট এই হাদীস খালিদ আল-হাযযা (রহঃ) হাফসা বিনতে সীরীন-আবুল আলিয়া-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণনা করেছেন এই হাদীস তার থেকে সুফিয়ান আস-সাওরী, হুশাইম, উহাইব, হাম্মাদ ইবনে সালামা (রহঃ) প্রমুখ পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেন।

ইবনে ইসহাক (রহঃ) এই হাদীস আল-হাসান ইবনে দীনার (রহঃ) থেকে বর্ণনায় গড়মিল করেছেন। অতএব তিনি কখনো তার থেকে আল-হাসান আল-বাসরী (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন আবার কখনো এই হাদীস তার থেকে কাতাদা-আবুল মালীহ-তার পিতার সূত্রে বর্ণনা করেছেন, আর কাতাদা (রহঃ) এই হাদীস আবুল আলিয়া-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসালরূপে বর্ণনা করেছেন। এই হাদীস সাঈদ ইবনে আবু আরূবা, মা'মার, আবু আওয়ানা, সাঈদ ইবনে বাশীর (রহঃ) প্রমুখ একইরূপ বর্ণনা করেছেন। তিনি তাদের হাদীস এই সূত্রে এর পরে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ মালীহ্ আল হুযালী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80366

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন